মেহেরপুরে গাঁজাসহ দু মাদক কারবারী গ্রেপ্তার

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর সীমান্ত এলাকা থেকে দু‘জন মাদক কারবারীকে গ্রেপ্তার করেছে পুলিশ।

গত সোমবার রাত সাড়ে ১০ টার দিকে স্থানীয় পীরতলা পুলিশ ক্যাম্পের একটি দল তাদেরকে আটক করে। তাদের কাছ থেকে উদ্ধার করা হয়েছে ১০০ গ্রাম গাঁজা।

আটকৃতরা হলেন- কাজিপুর গ্রামের শিহাব আলীর ছেলে মাসুদ রানা (২৪) ও পীরতলা গ্রামের জয়নুদ্দীনের ছেলে হাবিবুর রহমান (৪২)। গতকাল মঙ্গলবার সকালে দুজনকে মেহেরপুর আদালতে সোর্পদ করা হয়েছে।

গাংনী থানার ওসি (তদন্ত) সাজেদুর রহমান জানান, আটকৃতরা ভারত সিমান্ত থেকে গাঁজা নিয়ে আসছে এমন সংবাদের ভিত্তিতে পীরতলা ক্যাম্প ইনচার্জ অজয় কুমার কুÐ◌ু ও সংঙ্গীয় সদস্যরা তাদেরকে তল্লাশি করে।

এসময় তাদের কাছ থেকে ১০০ গ্রাম গাঁজা পাওয়া গেলে তাদেরকে গ্রেপ্তার করা হয়।

- গাংনী প্রতিনিধি

গাংনীর এক শিক্ষক রাজনৈতিক চক্রান্তের শিকার

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর হাতেগড়া সংগঠন বাংলাদেশ ছাত্রলীগে ছাত্র রাজনীতি শুরু করেন মো: আলিম উদ্দিন। ১৯৯২ সাল থেকে বাংলাদেশ ছাত্রলীগ গাংনী কলেজ শাখা থেকে তিনি রাজনীতি শুরু করেন।

ছাত্র রাজনীতি থেকে শুরু করে বিভিন্ন সময় জোট সরকারের অত্যাচার নিপিড়ন সহ্য করে ২০০৫ সাল পর্যন্ত মেহেরপুরের গাংনী উপজেলা আওয়ামী লীগে সক্রিয়ভাবে জড়িত ছিলেন।

মুলত ২০০১ সালে জোট সরকার ক্ষমতায় আসার পর তার উপর চলে নানান অত্যাচার ও চক্রান্ত। এরই ধারাবাহিকতায় বিএনপি জামায়াত জোট সরকারের শুরু থেকেই বিভিন্ন মিথ্যা মামলার শিকার হতে হয় বলে তিনি জানান। প্রায় ৫টি মিথ্যা মামলার বোঝা ঘাড়ে নিয়ে তিনি ব্যাপকভাবে নির্যাতনের শিকার হন বলে তিনি সাংবাদিকদের জানান। তিনি আরো জানান, বিএনপি জামায়াত জোট সরকারের আমলে ২০০৪ সালে একটি মামলায় পুলিশ তাকে গ্রেফতার করে। সে সময় বর্তমান এমপি সাহিদুজ্জামান খোকনের সাথে একসাথে জেল খাটেন।

পরে পুলিশের হাতে গ্রেফতার হওয়ার খবর শুনে শিক্ষক আলিমের মা ষ্ট্রোক করেন বলে তিনি জানান। দীর্ঘদিন অসুস্থ্য থাকার পর ২০০৫ সালের ২৩ ডিসেম্বর তার মা রহিমা খাতুন মৃত্যু বরণ করেন।

এর পরও তার উপর বিএনপি জামায়াত জোট সরকারের অত্যাচার থেমে থাকেনি। এক পর্যায়ে তিনি নিজেকে আওয়ামী লীগের রাজনীতি থেকে নিজেকে গুটিয়ে নিয়ে তাদের অত্যাচার থেকে বাঁচার তাগিদে ২০০৬ সালের দিকে বিএনপি নেতা কর্মীদের সাথে জড়িয়ে পড়েন। এই কারণে কিছু লোক তাকে চক্রান্ত করে বিএনপির কর্মী হিসেবে মিথ্যা রটনা করছে বলে সাংবাদিকদের জানান তিনি।

জানতে চাইলে তিনি বলেন চৌগাছা গ্রামে কিছু মাদক জুয়ার সাথে জড়িত লোকদের তাদের কর্মকান্ড বিষয়ে প্রতিবাদ করলেই তারা বিএনপি বলে মিথ্যা অপবাদ দেয় যা মোটেই ঠিক না। তিনি বর্তমান এমপি সাহিদুজ্জামান খোকন এর সাথে আওয়ামী লীগের বড় বড় অনুষ্ঠানে সক্রিয় ভুমিকা রাখেন বলেও তিনি জানান। গত অক্টোবর মাসের ৩১ তারিখে এমপি সাহিদুজ্জামান খোকনের সংবর্ধনা অনুষ্ঠানেও তিনি তাকে ফুলের মালা পরিয়ে বরণ করে নেন।

এ উপজেলার হাড়িয়াদহ গ্রামের মৃত তাহাজ উদ্দিনের ছেলে মো: আলিম উদ্দিন বর্তমানে গাংনী পৌর এলাকার বাঁশাবড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক। সাবেক এমপি মকবুল হোসেন এর সহযোগিতায় তিনি ১৯৯৮ সাল থেকে তিনি ঐ প্রতিষ্ঠানে যোগ দেন এবং এখনো কর্মরত আছেন। তিনি বসবাস করেন পৌর এলাকার ৩নং ওয়ার্ড এলাকার চৌগাছায়।

শিক্ষকতা পেশায় জড়িয়ে পড়ার কারণে তিনি সক্রিয় রাজনীতি থেকে নিজেকে দুরে সরিয়ে নিলেও আওয়ামী লীগের বড় বড় অনুষ্ঠানে উপস্থিত থাকেন বলে তিনি জানান।

- গাংনী প্রতিনিধি

বঙ্গুবন্ধু ও প্রধান মন্ত্রীর ছবি নেই বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধি বিদ্যালয়ে

মেহেরপুর জেলার গাংনী উপজেলার বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধি বিদ্যালয়ের প্রধান শিক্ষকার অফিস রুমে সহ কোথায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিব রহমানের ও মাননীয় প্রধান মন্ত্রীর শেখ হাসিনার ছবি নেই।

এই বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের মেহেরপুর প্রতিদিনের কাছে অভিযোগ করে বলেন আমরা বার বার বলার পরেও বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধি বিদ্যালয়টি দীর্ঘ দিন প্রতিষ্ঠিত হলেও প্রতিবন্ধি বিদ্যালয় ছবিটি টানো হয়নি।

প্রধান শিক্ষকা শামছুন্নাহার মুক্তা জানান, আমি বার বার প্রতিবন্ধি বিদ্যালয় পরিচালনা কমিটি সভাপতি শেখ আনিছুজ্জামান লুইচকে বলেও উনি কোন ভাবে আমাকে ছবি আনতে দেয়নি।

সভাপতি শেখ আনিছুজ্জামান লুইচকে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে ফোনটি বন্ধ পাওয়া যায়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সস্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান বলেন বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব বিদ্যালয়ের জাতির পিতা ও মাননীয় প্রধান মন্ত্রীর ছবি না টাঙ্গানো অত্যন্ত খারাপ কথা স্থানীয় প্রশাসন বিষয়টি তদন্ত করে

ব্যবস্থা গ্রহন করিবেন বলে আমি মনে করি।

- আল-আমীন, গাংনী

মেহেরপুরে যুবলীগের প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে যুবলীগের ৪৭তম প্রতিষ্ঠা বার্ষীকি পালন করা হয়েছে। মঙ্গলবার সন্ধায় জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটনের নেতৃত্বে পৌরসভার সম্মেলন কক্ষে কেক কেটে প্রতিষ্ঠা বার্ষীকি পালন করা হয়।

এর যুবলীগের প্রতিষ্ঠা বার্ষীকি উপলক্ষে সংক্ষিপ্ত আলোচনা সভার আয়োজন করা হয়।

এসময় বক্তব্য দেন জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন, জেলা যুবলীগের সদস্য ইয়ানুস আলী,মাহাবুব হাসান ডালিম, যুবলীগ নেতা হিলন, সদর উপজেলা যুবলীগের যুগ্ম আহবায়ক মিজানুর রহমান অপু, সদর উপজেলা যুবলীগের আহবায় মিজানুজ্জামান অপু, কাউন্সিলর আল মামুন।

এসময় উপস্থিত ছিলেন, বিভিন্ন ইউনিয়ন যুবলীগের সভাপতি-সাধারণ সম্পাদক সহ যুবলীগের নেতা কর্মিরা।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীর সাহারবাটি ইউনিয়নের

ডিজিটাল সেবা প্রদানের ৯ম বর্ষপূতী

৯ম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়ন পরিষদের সেবা প্রত্যাশীদের ডিজিটাল সেন্টারের প্রায় ১৫০টি সেবা (সরকারি ফিস ব্যাতীত) বিনামুল্যে প্রদান করা হবে।

সপ্তাহব্যাপী বিনামুল্যে ডিজিটাল সেবা প্রদান করার লক্ষ্যে ইউনিয়ন পরিষদ নানা প্রস্তুতি গ্রহন করেছেন। ১১ নভেম্বর ২০১৯ ইং থেকে শুরু হবে সেবা প্রদান কাজ।

ইউপি কার্যালয়ের ইউডিসি রাইহান এ তথ্য নিশ্চিত করে জানান, শুধুমাত্র সরকারি নির্ধারিত সেবা মুল্য নেয়া হবে। সে ক্ষেত্রে ডিজিটাল সেবা প্রানকারীকে কোন পারিশ্রমিক প্রদান করতে হবেনা।

এব্যাপারে ৭নং সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম ফারুক জানান, জন্ম সনদ আবেদন,জমির পর্চা আবেদন,পাসপোর্টের আবেদন,বিভিন্ন প্রত্যয়নসহ মোট ১৫০ টি সেবা প্রদান করা হয় স্থানীয় সরকার মন্ত্রনালয়ের অধিনস্থ ইউনিয়ন পরিষদ থেকে। সেখানে সরকারি মুল্যে সপ্তাহ ব্যাপী সেবা দেয়া হবে। এতে ইউনিয়নবাসী বহুলাংশে উপকৃত হবে।

১১ নভেম্বর সাহারবাটি ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেবা’র ৯ম বর্ষপুর্তী পালন করা হয়।

- গাংনী প্রতিনিধি

ইয়াবা ফেন্সিডিল সহ ৫ জুয়াড়ি গ্রেপ্তার

মেহেরপুরের গাংনী উপজেলার মাইলমারি গ্রাম থেকে ইয়াবা ও ফেন্সিডিল সহ ৫ জুয়াড়িকে গ্রেপ্তার করেছে গাংনী থানা পুলিশ।

শনিবার দিবাগত রাতে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলো মাইলমারি গ্রামের মিনারুলের ছেলে শিপন (২৯), পালানের ছেলে উরাহি হোসেন (২৫), ইউনুছের ছেলে হোসেন আলি (৪১) রহিম বক্সের ছেলে আনারুল ইসলাম(৫৩) ও ধলা গ্রামের ইসমাইলের ছেলে ফকরুদ্দিন (৩৭)।

গ্রেফতারকৃতরা দীর্ঘদিন ধরে এলাকায় জুয়া খেলা সহ বিভিন্ন মাদক ব্যবসার সাথে জড়িত ছিল বলে জানা যায়।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান জানান, গ্রেফতারকৃতরা দীর্ঘদিন যাবৎ এলাকায় মাদকসেবনের পাশাপাশি জুয়া খেলার আসর বসিয়ে এলাকার মানুষকে অতিষ্ঠ করে তুলেছিল।
অভ

অভিযানের চালানোর সময় মাইলমারি গ্রামে শিপনের বাড়িতে জুয়া ও মাদকের আসর চলাকালিন সময় গোপন সংবাদের ভিত্তিতে এস আই হান্নান সঙ্গীয় ফোর্স নিয়ে তাদের গ্রেফতার করে। এসময় তাদের কাছ থেকে ১০ পিছ ইয়াবা ও দুই বোতল ফেন্সিডিল সহ জুয়া খেলার তাস এবং নগদ টাকা উদ্ধার করা হয়।
রোবিবার দুপুরের দিকে তাদের আদালতে প্রেরণ করা হয়।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে পবিত্র ১২ই রবিউল আওয়াল উদযাপিত

পবিত্র ১২ই রবিউল আওয়াল (সীরাতুন্নবী (সাঃ)) উপলক্ষ্যে মেহেরপুরের গাংনীতে কেরাত,আযান, হামদ ও নাতে রসুল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকাল সাড়ে ১০টার দিকে গাংনী কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উপজেলার ২৫টি মাদ্রাসা ও এতিমখানার শিক্ষার্থীরা এ প্রতিযোগিতায় অংশ গ্রহন করে।

গাংনী ইলেক্ট্রনিক্স এন্ড ওয়ার্ক সপ ৩য়বারের মতো এ অনুষ্ঠানের

আয়োজন করে। অনুষ্ঠানে গাংনী বাজার জামে মসজিদের ইমাম রুহুল আমীন, উপজেলা পরিষদ জামে মসজিদের ইমাম ইলিয়াস হুসাইন, গাংনী এতিম খানা ও হাফেজিয়া মাদ্রাসার শিক্ষক তাওহিদুল ইসলাম বাবুল বিচারক হিসেবে দায়িত্ব পালন করেন।

এসময় গাংনী মাঠ পাড়া জামে মসজিদের ইমাম বিলাল হুসাইন, ধানখোল কসবা আদর্শ নূরানী কওমী মাদ্রসার শিক্ষক সাইদুর রহমান, পূর্ব মালসাদহ হাফেজিয়া মাদ্রাসার শিক্ষক জাহাঙ্গীর আলম, মিনাপাড়া মাদ্রাসার শিক্ষক আঃ ওয়ারিছ, ছাতিয়ান মাদ্রাসার হাফেজ ত্বয়িবুর রহমান, জালশুকা মাদ্রাসার শিক্ষক হাফেজ মুকাদ্দেস আলি, বাঁশবাড়িয়া মাদ্রাসার শিক্ষক হাফেজ জাকারিয়া, আলিয়া দাখির মাদ্রাসার শিক্ষক হাবিবুর রহমান সহ বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা উপস্থিৎ ছিলেন। অনুষ্ঠান শেষে প্রতিটি বিষয়ের উপর বিজয়ীদের পুরুষ্কার বিতরণ করা হয়।

-গাংনী প্রতিনিধি

গাংনীতে বিদ্যুৎস্পৃষ্টে নিহত আহারের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান

মেহেরপুরর গাংনী উপজেলার হিন্দা গ্রামে বিদ্যুতায়িত হয়ে মৃত্যু বরণ কারি আহারের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

রবিবার সকালের দিকে উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান নিহতের পরিবারের বাড়ি গিয়ে খোঁজ খবর নিয়ে নিহত আহারের স্ত্রীর হাতে নগদ ১০ হাজার টাকা আর্থিক সহায়থা প্রদান করেন। পরবর্তিতে নিহত আহারের শিশু সন্তানদেরকেও প্রয়োজনীয় সহায়তা প্রদানের আশ্বাস দেন।

উল্লেখ্য গত শনিবার বিকেলে মাঠ থেকে বাড়ি ফিরে অটোভ্যানে চার্জ দিতে গেলে বিদ্যুতায়িত হয়ে ঐ গ্রামের আনিচুর রহমানের ছেলে আহার

আলি মৃত্যু বরণ করে।
-গাংনী প্রতিনিধি

মুক্তিযোদ্ধার জানাজায় গিয়ে সাবেক এমপি মকবুল অসুস্থ

মেহেরপুরের গাংনীতে মুক্তিযোদ্ধার দাফনে গিয়ে মেহেরপুর-২ (গাংনী) আসনের জাতীয় সংসদের সাবেক সদস্য (এমপি) মকবুল হোসেন
(৭৪) অসুস্থ হয়ে পড়েন। তাকে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নেয়া হয়। পরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়।

আজ রোববার দুপুর সাড়ে ১২টার দিকে উপজেলা হিজলবাড়ীয়া গ্রামে জানাজায় শরীক অংশ নেয়ার সময় অসুস্থ হয়ে পড়েন।

পারিবারিক সূত্র জানায়,গাংনী উপজেলার সাহারবাটী ইউনিয়নের হিজলবাড়ীয়া গ্রামের বাসিন্দা বীরমুক্তিযোদ্ধা আবুল হোসেনের জানাজায় সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন অংশ নিতে যায়। জানাজায় শেষ না হতেই তিনি অসুস্থ হয়ে পড়েন। তাকে স্থানীয় দ্রুত গাংনী উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নেয়। এ সময় তার শারীরিক অবস্থার আরো অবনতি দেখা দিলে,কর্তব্যরত ডাক্তার এমকে রেজা কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।
-গাংনী প্রতিনিধি

অস্ত্র গুলি ও ম্যাগজিন সহ

গাংনীর কাফিরুল তারাগুনিয়াতে আটক

মেহেরপুরের গাংনীর কাফিরুল ইসলামকে অস্ত্র গুলি ও ম্যাগজিন সহ আটক করেছে র্যাব। শনিবার সন্ধ্যায় কুষ্টিয়ার দৌলতপুরের তারাগুনিয়া পূর্বপাড়া পল্লী বিদ্যুৎ অফিসের সামনে থেকে তাকে আটক নাটোর র্যাব-৫। গ্রেফতার কাফিরুল ইসলাম গাংনী উপজেলার সহড়াতলার আব্দুল শুকুরের ছেলে।

র্যাব-৫, রাজশাহীর অধিনায়ক (অতিরিক্ত ডিআইজি) মাহ্ফুজুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে র্যাব-৫ সিপিসি-২ এর একটি টিম কুষ্টিয়ার দৌলতপুর থানার তারাগুনিয়া পূর্বপাড়া পল্লী বিদ্যুৎ অফিসের সামনে অভিযান চালায়। এসময় র্যাব সদস্যরা ওই এলাকার বিভিন্ন পয়েন্টে অবস্থান নেয়। অভিযানকালে সেখানে দাঁড়িয়ে থাকা দুই ব্যক্তি র্যাবের উপস্থিতি টের পেয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। এসময় র্যাব সদস্যরা তাদের পিছু নিয়ে কাফিরুল ইসলামকে আটক করে।

তবে এসময় কাফিরুলের এক সহযোগী পালিয়ে যেতে সক্ষম হয়। পরে কাফিরুলের কাছে থাকা প্লাস্টিকের একটি ব্যাগের ভিতর থেকে ৭টি ওয়ান শুটার গান, ২টি বিদেশী পিন্তুল, ১৪ রাউন্ড গুলি ও ৪টি ম্যাগজিন উদ্ধার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে আটককৃত কাফিরুল ইসলাম দীর্ঘদিন যাবৎ অবৈধ অস্ত্র ব্যবসার সাথে জড়িত থাকার কথা স্বীকার করেছে বলে দাবি করেছে র্যাব। আটককৃতর বিরুদ্ধে অবৈধ অস্ত্র ও বিস্ফোরক দ্রব্য বহন এবং সংরক্ষনের অভিযোগে মামলা দায়ের করে সংশ্লিষ্ট থানায় সোপর্দ করা হয়।

অপরদিকে পলাতক ব্যক্তিকে আটক করতে অভিযান অব্যাহত রয়েছে। অভিযানে অন্যানের মধ্যে উপস্থিত ছিলেন, কোম্পানী কমান্ডার সহকারী পুলিশ সুপার এস.এম জামিল আহমেদ, সিনিয়র এএসপি এনামুল করিম সহ উর্দ্ধোতন কর্মকর্তারা।
– গাংনী প্রতিনিধি